# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd


## ক্রেডিট বিভাগ

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-০৪(এসএমই)/৭(১০)/২০২২-২০২৩/ ৮৭০(১২৫০) তারিখঃ ২৮/০৯/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যে প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের সার্কুলার লেটার নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-০৪(এসএমই)/৭(১)/২০২২-২০২৩/৬০২(১২৫০), তারিখঃ ০৪/০৯/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় সিএমএসএমই খাতের গুরুত্ব অপরিসীম। গুরুত্বপূর্ণ এ খাতকে এগিয়ে নিতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিশ্বব্যাপী জনপ্রিয় একটি ধারণা। বাংলাদেশের সম্ভাবনাময় ক্লাস্টারসমূহ যথাযথ পৃষ্ঠপোষকতা পেলে তা দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় উল্লেখযোগ্য অবদান রাখবে মর্মে আশা করা যায়। ক্লাস্টারভিত্তিক অর্থায়নের গুরুত্ব বিবেচনায় এ খাতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রণয়নকৃত একটি কর্মপরিকল্পনা ২৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮১৬ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক অনুমোদিত হয় এবং প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মপরিকল্পনাটি নিম্নরূপঃ

ক) ক্লাস্টার অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নীতিমালা মোতাবেক সর্বোচ্চ ৫ (পাঁচ) কিলোমিটার ব্যাসার্ধের সুনির্দিষ্ট ভৌগলিক সীমানায় অবস্থিত অনুরূপ/সমজাতীয়/সম্পর্কযুক্ত পণ্য উৎপাদন বা সেবা প্রদানে নিয়োজিত ৫০ (পঞ্চাশ) বা ততোধিক উদ্যোগের সমষ্টিকে সামষ্টিকভাবে একটি ক্লাস্টার হিসেবে বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রতিটি শাখা কর্তৃক স্ব স্ব শাখার আওতাধীন এলাকার মধ্যে ক্লাস্টার চিহ্নিত করতঃ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সম্মতি গ্রহণ করতে হবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিভিন্ন ট্রেড বডি/অ্যাসোসিয়েশন/ব্যবসায়িক সমিতি/ পেশাজীবী সংগঠন হতে তথ্য সংগ্রহপূর্বক শাখা কর্তৃক চিহ্নিত ক্লাস্টারের বিষয়ে সম্মতি প্রদান করবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট শাখাকে উক্ত নির্ধারণকৃত ক্লাস্টারসমূহে অর্থায়নের নিমিত্ত ঋণ বিতরণ করতে হবে;

খ) মাঠ পর্যায়ে সিএমএসএমই খাতে মোট বিতরণকৃত ঋণের ৫% ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ ;

গ) ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক ঋণ বিতরণ ;

ঘ) ক্লাস্টার অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ১৪/০৮/২০২২ মোতাবেক চিহ্নিত উচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টারসমূহ (৬টি), অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টারসমূহ (১৩টি) এবং তালিকা বহির্ভূত ভিন্ন ধরণের ক্লাস্টার চিহ্নিত হলে তাতে ঋণ বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ;

ঙ) যে এলাকা যে ক্লাস্টারে ঋণ বিতরণের সম্ভাবনা বেশী সে এলাকায় সে ক্লাস্টারে ঋণ বিতরণে গুরুত্বারোপ ;

চ) প্রণোদনা প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন স্কিমে ক্লাস্টারভিত্তিক অর্থায়নকে গুরুত্বারোপ করতে হবে, বিশেষ করে এসএমই ফাউন্ডেশনের ৩০০ কোটি টাকার রিভলভিং পুনঃঅর্থায়ন স্কিম এবং সিএমএসএমই গ্রাহকদের জন্য মেয়াদী ঋণের বিপরীতে ২৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম;

ছ) ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার অঞ্চলভিত্তিক অর্জন ;

জ) বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ ;

ঝ) বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ;

ঞ) আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে রিপোর্টিং নিশ্চিতকরণ ;

ট) সামগ্রিকভাবে সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা অর্জন।

চলমান পাতা-০২

বিষয় ঃ সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যে প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, ক্লাস্টারভিত্তিক অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৫, তারিখঃ ১৪/০৮/২০২২; অত্র ব্যাংকের সার্কুলার লেটার নং- ৬০২ (১২৫০), তারিখঃ ০৪/০৯/২০২২ যথাযথভাবে অনুসরণপূর্বক পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

28/09/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-০৪(এসএমই)/৭(১০)/২০২২-২০২৩/ ৮৭০ (১২৫৫) তারিখঃ ২৮/০৯/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

28/09/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক